# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/ ৩৭১ তারিখ- ১২/০৮/২০২০

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। বস্তি উন্নয়নের আওতায় পরিচালিত ভৌত অবকাঠামোর অগ্রগতি প্রসঙ্গে।
৩। পৌরসভার দরিদ্র এলাকায় নিয়মিত করোনা ভাইরাস বিষয়ে সচেতনাত মূলক কর্মসূচী গ্রহন করা প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

.................................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

সভা নং-৭৪

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি'র (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ ১৭-০৮-২০২০খ্রিঃ। |
| রোজ | ঃ সোমবার। |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা ঃ-** গত ১২/০৭/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ-** গত ১২/০৭/২০২০খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ বস্তি উন্নয়নের আওতায় পরিচালিত ভৌত অবকাঠামোর অগ্রগতি প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন আপনারা অবগত আছেন করোনা ভাইরাসের কারনে দীর্ঘদিন বস্তিতে নির্মাণাধীন কাজ বন্ধ ছিল। পুনরায় গত জুন/২০২০ মাস থেকে সীমিত পরিসরে কাজ হয়েছে। বস্তি সমূহে ভৌত কাজ সমূহের বর্তমান কি অবস্থা, তার বিস্তারিত সভায় তুলে ধরার জন্য এ কমিটির সদস্য সচিব ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা মোঃ হাসানুজ্জামান কে অনুরোধ করলে, তিনি বলেন, ২য় কিস্তির কাজ দীর্ঘদিন বন্ধ থাকার কারণে অনেক সময় ক্ষেপন হয়েছে, তাই চলতি মাস থেকে দ্রুতগুতিতে কাজ করার জন্য বস্তি উন্নয়ন কমিটি গুলো সিদ্ধান্ত নিয়েছে। সে অনুযায়ী মিস্ত্রিদের তাদাগা দিয়ে দ্রুততার সহিত কাজ শেষ করার চেষ্টা করা হচ্ছে। বস্তি অনুযায়ী নিম্নোক্ত ভাবে কাজের অগ্রগতি তুলে ধরেন।

| ক্রঃনং | বস্তির নাম | ২য় কিস্তিতে বাস্তবায়িত | মোট বাস্তবায়িত কাজ |
|---|---|---|---|
| ১ | তাঁতীপাড়া | ২৫% | ৫০% |
| ২ | রইচপাড়া মুহিত পুকুরপাড় | ২৫% | ৫০% |
| ৩ | যমুনা বাঁধপাড়া | ২৩% | ৪৮% |
| ৪ | তাজুর মোড় | ২০% | ৪৫% |
| ৫ | বিশ্বাসপাড়া রেল কলোনী | ২২% | ৪৭% |
| ৬ | চিনিকল হরিজন কলোনী | ১৮% | ৪৩% |
| ৭ | বঙ্গবন্ধুপাড়া | ২০% | ৪৫% |

**সিদ্ধান্ত ঃ** করোনা ভাইরাস এর কারনে দীর্ঘদিন বস্তিতে বাস্তবায়িত ভৌত কাজ বন্ধ থাকায় এবং পুনরায় কাজ শুরুর হওয়ার পর কাজের অগ্রগতি সন্তোষজনক। বস্তি উন্নয়ন কর্মকর্তার দেওয়া তথ্য অনুযায়ী কিছু বস্তিতে ২য় কিস্তির কাজ সম্পন্ন হয়েছে, যেসব বস্তিতে ২য় কিস্তির ভৌত কাজ বাকী হয়েছে, সেসব বস্তিতে ভৌত কাজ দ্রুত শেষ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

আলোচ্য সূচি-৩ ঃ পৌরসভার দরিদ্র এলাকায় নিয়মিত করোনা ভাইরাস বিষয়ে সচেতনাত মূলক কর্মসূচী গ্রহন করা প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, পৌরসভা হতে নিয়মিত করোনা ভাইরাস প্রতিকারের উপায় সমূহ বিষয়ে সচেতন করা হচ্ছে। যেমন- নিয়মিত সচেতনতা মূলক মাইকিং, লিফলেট বিতরন, বিভিন্ন দর্শনীয় স্থানে ব্যানার স্থাপন সহ আপনারা অবগত আছেন পৌরসভা হতে প্রতিটি দরিদ্র এলাকায় মাক্স ও সাবান বিতরন করা হয়েছে। আলোচনা কালে এ টি এম মোস্তাফিজুর রহমান,নির্বাহী প্রকৌশলী (ভাঃ),জয়পুরহাট পৌরসভা বলেন, UGIIP-III প্রকল্পের অর্থায়নে প্রতিটি ওয়ার্ডের দর্শনীয় স্থানে করোনা ভাইরাস সচেতনতা মূলক ব্যানার স্থাপন করা হয়েছে। মোছাঃ রোজী বেগম, কাউন্সিলর,সংরক্ষিত-০১ বলেন, উঠান বৈঠকের মাধ্যমেও এ ব্যাপারে সচেতন করা হয়েছে। মোছাঃ শাহানাজ বেগম, দরিদ্র শ্রেণীর প্রতিনিধি বলেন, ইদানিং দেখা যাচ্ছে লোকজনের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে চলার ক্ষেত্রে অনীহা, যদিও আমরা জানি করোনা ভাইরাস এখনও বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়ছে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ করোনা ভাইরাস কিভাবে ছড়ায় এবং কিভাবে এর থেকে প্রতিকার পাওয়া যায়, সেসব বিষয় পৌরবাসীদের বিশেষ করে দরিদ্র কর্মজীবীদের মাঝে ব্যাপক ভাবে প্রচার এবং স্বাস্থ্য বিধি মেনে চলার ক্ষেত্রে সবাইকে বিশেষ করে বাড়ীর বাহিরে গেলে মাক্স পরিধানে সচেতন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২১/১৭৪

তারিখ- ১৭/৮/২০২০

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা .......................................................... সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি : জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান : পৌর মিলনায়তন।
তারখ : ১৭/০৮/২০২০ ইং।
রোজ : সোমবার।
সময় : ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী(ভাঃ) জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | [signature] |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | সাহানাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | মর্জিনা |